

মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট মেঘনাঘাট-১ ও মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানির এমডি এবং সিইও হিসেবে দায়িত্ব পেলেন মোঃ রিয়াজ উদ্দীন



ফটো ক্যাপশন: সামিটের পরিচালনা পর্ষদ মোঃ রিয়াজ উদ্দীনকে সামিট মেঘনাঘাট-১ পাওয়ার কোম্পানি লিমিটেড (৩৩৭ মেগাওয়াট) এবং সামিট মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানি লিমিটেডের (৫৮৩ মেগাওয়াট) ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ দিয়েছেন।

(ঢাকা, ১ জুলাই ২০২৫, মঙ্গলবার): সামিট গ্রুপ অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছে যে, সামিট মেঘনাঘাট-১ পাওয়ার কোম্পানি লিমিটেড (৩৩৭ মেগাওয়াট কন্সট্রাকশন সাইকেল বিদ্যুৎকেন্দ্র) ও সামিট মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানি লিমিটেড (৫৮৩ মেগাওয়াট কন্সট্রাকশন সাইকেল বিদ্যুৎকেন্দ্র), দুটির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে মোঃ রিয়াজ উদ্দীনকে নিয়োগ দেওয়া হয়েছে। সামিট মেঘনাঘাট-১ পাওয়ার কোম্পানিতে সামিটের সঙ্গে অংশীদারিত্বে আছে জাপানের তাইয়ো লাইফ ইন্স্যুরেন্স, এবং সামিট মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানিতে যুক্তরাষ্ট্রের জিই। এই প্রকল্পগুলো সামিটের বিস্তৃত পোর্টফলিওর মধ্যে অন্তর্ভুক্ত, যা জেরা ও অন্যান্য আন্তর্জাতিক অংশীদারদের সহায়তায় বাস্তবায়িত হয়েছে।

২০১১ সাল থেকে মোঃ রিয়াজ উদ্দীন সামিট গ্রুপের একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। নতুন পদে দায়িত্ব গ্রহণের আগে মোঃ রিয়াজ উদ্দীন সামিট মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানি লিমিটেডের (৫৯০ মেগাওয়াট) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), এবং প্রধান পরিচালন কর্মকর্তা (সিওও) হিসেবে দায়িত্ব পালন করেছেন সামিট মেঘনাঘাট পাওয়ার কোম্পানি লিমিটেড (৩৩৭ মেগাওয়াট) ও সামিট বিবিয়ানা পাওয়ার কোম্পানি লিমিটেডে (৩৫২ মেগাওয়াট)। বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন, অংশীদারদের সঙ্গে উচ্চ-পর্যায়ে পর্যালোচনা এবং বিদ্যুৎকেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণের (O&M) নেতৃত্বদানের তাঁর প্রায় ৩২ বছরের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। মোঃ রিয়াজ উদ্দীন তাঁর দীর্ঘ কর্মজীবনে প্রায় ২,০৮০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎকেন্দ্রের উন্নয়ন, অর্থায়ন, নির্মাণ ও পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং বাংলাদেশে ১.১ বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রকল্প অর্থায়নে অবদান রেখেছেন।

১৯৯২ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি অর্জনের পর মোঃ রিয়াজ উদ্দীন স্বনামধন্য বহুজাতিক সার উৎপাদনকারী প্রতিষ্ঠান, কাফকো-তে তাঁর কর্মজীবন শুরু করেন। ২০০০ সালে তিনি যুক্তরাষ্ট্রভিত্তিক বিদ্যুৎ কোম্পানি এইএস করপোরেশনে যোগ দেন, যারা বাংলাদেশের আইপিপি খাতে প্রথম দুটি কনসাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করে। কর্মজীবনে তিনি দুইটি প্রকল্পে জ্যেষ্ঠ পদে দায়িত্ব পালনসহ পাওয়ারটেক বেরহাদ, সিডিসি গ্লোবেলেক, এইএস কর্পোরেশন এবং কাফকোর মতো স্বনামধন্য বহুজাতিক কোম্পানিতে ছিলেন। মোঃ রিয়াজ উদ্দীন অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া ইউনিভার্সিটি থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেছেন।

পেশাগত সাফল্যের বাইরে, মোঃ রিয়াজ উদ্দীন সামাজিক দায়বদ্ধতা ও জনকল্যাণমূলক কাজে জড়িত আছেন। ছাত্রজীবন থেকেই এ ধরনের কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাঁর সামাজিক ও রাজনৈতিক সচেতনতার সূচনা হয়, যা তিনি এখনও অব্যাহত রেখেছেন। মোঃ রিয়াজ উদ্দীন সবসময়ই অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন, বিশেষ করে সংকটের সময়। কোভিড মহামারী এবং ২০২৪ সালে ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুরে ভয়াবহ বন্যার সময় তিনি ব্যক্তিগত উদ্যোগে দুর্গত মানুষের জন্য ত্রাণ-তহবিল সংগ্রহ, বিতরণ এবং জরুরি সহায়তা পৌঁছে দিয়েছেন।

মোঃ রিয়াজ উদ্দীনের দাম্পত্যজীবনে দুই কন্যা সন্তান রয়েছে এবং তিনি খেলাধুলা, ভ্রমণ ও সঙ্গীতের প্রতি তাঁর আগ্রহী। মোঃ রিয়াজ উদ্দীন পেশাগত জীবনে গড়ে ওঠা দীর্ঘস্থায়ী সম্পর্কগুলোর গভীরভাবে মূল্যায়ন করেন এবং একই সাথে সততা, সহমর্মিতা ও নেতৃত্বগুণের জন্য তিনি সর্বজন সম্মানিত ব্যক্তি।

আরও তথ্য জানতে:

মোহসেনা হাসান

ইমেইল: mohsena.hassan@summit-centre.com | হোয়াটসঅ্যাপ/মোবাইল: +8801713081905